

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
চরভদ্রাসন, ফরিদপুর।
www.dae.charbhadrasan.faridpur.gov.bd

২৪/০৭/২০২৩ খ্রি: তারিখে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর এর জাতীয় শুদ্ধাচার-২০২৩-২৪ অর্থবছরের অংশিজনদের নিয়ে আয়োজিত প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মুহাম্মদ তোফাজ্জল হোসেন
উপজেলা কৃষি অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।
সভার স্থান : উপজেলা কৃষি অফিসারের অফিসকক্ষ।
সভার তাং : ২৪/০৭/২০২৩ খ্রি:।
সময় : ১০.০০ ঘটিকায়।

উপস্থিতির স্বাক্ষর: (পরিশিষ্ট-ক)

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর জাতীয় শুদ্ধাচার-২০২৩-২৪ অর্থবছরের অংশিজনদের নিয়ে আয়োজিত সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
সভায় অংশগ্রহণকারী সকল সদস্যদের বিস্তারিত আলোচনা এবং আলোচনাক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

ক্রম নং	আলোচকবৃন্দ	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
০১	মোহাম্মদ আলী জিন্নাহ বিসিআইসি সার ডিলার, চরভদ্রাসন।	সভার শুরুতে তিনি সকলকে শুভেচ্ছা জানান এবং বলেন উপজেলায় সারের মজুদ ও বিপন্নন সঠিকভাবে হচ্ছে। খুচরা সার বিক্রেতারা অফ সিজনে সার উত্তোলন করেন না এবং তাদের অনেকেই বিক্রয় রেজিস্টার ব্যবহার করেন না। তিনি আলোচিত বিষয়গুলোর গুরুত্ব আরোপ করেন।	সার মনিটরিং আরো জেরদারের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা কৃষি অফিসার, উপসহকারী কৃষি অফিসার বৃন্দ, অত্র দপ্তর।
০২	মামুন-অর-রশিদ উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা, অত্র দপ্তর।	উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে, অত্র দপ্তরের সচ্ছতা আনায়নের জন্য অভিযোগ বাস্তব ব্যবহারের প্রয়োজনীয়তা তুলে ধরেন।	অভিযোগ বাস্তব ব্যবহারের বিষয়ে সকলকে অবহিত করা হয়।	উপজেলা কৃষি অফিসার, অত্র দপ্তর
০৩	মোস্তফা, কৃষক, চরভদ্রাসন।	তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, কৃষকরা নতুন জাত ব্যবহারে অগ্রসর। বীজ বিক্রেতারা নতুন জাতের বীজ বিপন্নন করলে কৃষকদের নতুন বীজ প্রাপ্তি সহজলভ্য হবে।	মৌসুম ভিত্তিক নতুন জাতের বীজ দোকানে সহজলভ্য করার বিষয়ে বীজ ডিলারগণকে অবহিত করণের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা কৃষি অফিসার, উপসহকারী কৃষি অফিসার বৃন্দ, অত্র দপ্তর।
০৪	মোঃ রাসেল আহমেদ, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর।	অত্র দপ্তরের শুদ্ধাচার চর্চা নিশ্চিত করতে দপ্তরের নাগরিক সেবা প্রাপ্তি সহজিকরণের প্রয়োজনীয়তা এবং শুদ্ধাচারের বিভিন্ন বিষয় তুলে ধরে শুদ্ধাচারে পুরস্কার অর্জন কৌশল সমন্ধে আলোচনা করেন।	দপ্তরের সকলকে শুদ্ধাচার চর্চা যথাযথ করা এবং ২০২৩-২৪ এর প্রথম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা বাস্তবায়নের প্রমানক সংরক্ষিত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, অত্র দপ্তর।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মুহাম্মদ তোফাজ্জল হোসেন)
উপজেলা কৃষি অফিসার
চরভদ্রাসন, ফরিদপুর
ও
সভাপতি
সেবা সহজিকরণ কমিটি
চরভদ্রাসন, ফরিদপুর।